# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৫৬

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - স্ত্রীদের সাথে সদ্ব্যবহার এবং তাদের প্রত্যেকের (স্বামী-স্ত্রীর) পারস্পরিক হক ও অধিকার সংক্রান্ত

## আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَيُّمَا امْرَأَةٍ مَاتَتْ وَزَوْجُهَا عَنْهَا رَاضٍ دَخَلَتِ الْجَنَّةَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ

## বাংলা

৩২৫৬-[১৯] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে রমণী নিজের স্বামীকে সন্তোষ রেখে মৃত্যুবরণ করে, নিশ্চয় সে জান্নাতে প্রবেশ করবে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ১১৬১, ইবনু মাজাহ ৮৫৫৪, য‘ঈফাহ্ ১৪২৬, য‘ঈফ আত্ তারগীব ১২১১, য‘ঈফ আল জামি‘ ২২২৭। কারণ এর সনদে রাবী মুসাবির আল হিম্ইয়ারী এবং তার মাতা উভয়েই দুর্বল।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: স্বামী যদি ‘আলিম এবং মুত্তাক্বী হয় আর তার স্ত্রী আল্লাহর হক এবং তার বান্দার হক যথাযথ পালন করে তবে তার জন্য এই ঘোষণা।

ইমাম তিরমিযী হাদীসটিকে হাসান গরীব বললেও মূলতঃ হাদীসটি য‘ঈফ। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১১৬১; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন